

## অষ্টগ্রামে স্কুল ছাত্রী অপহরণ ॥ শ্রেফতার ১

কিশোরগঞ্জ সংবাদদাতা ॥ বিয়ের প্রস্তাবে রাজী না হওয়ায় অষ্টগ্রাম উপজেলার কুতুব মসজিদ পাড়া গ্রামের সকান্দর আলীর প্রাইমারী স্কুলপড় যা কন্যা রাজিয়া খাতুনকে গত ১২ই এপ্রিল রাতে অপহরণ করা হয়। প্রতিবেশী যুবক এনায়েত মিয়া রাজিয়াকে বিয়ের প্রস্তাব দিয়ে ব্যর্থ হওয়ায় তাকে অপহরণ করে বলে রাজিয়ার পিতা মোট পাঁচ জনকে আসামী করে গত শনিবার মামলা করেছেন। পুলিশ এজহারভুক্ত আসামী ফজর আলীকে গ্রেফতার করে কোর্টে চালান দিয়েছে।

অপহৃত স্কুল ছাত্রীকে ঢাকায় উদ্ধার  
এদিকে পাবুন্দিয়া উপজেলার চরটেকি গ্রাম থেকে অপহৃত স্কুল ছাত্রী রুমা আক্তারকে (১৪) গত রবিবার রাতে ঢাকার মোহাম্মদপুর থানার আদাবর বস্তি এলাকা থেকে উদ্ধার এবং অপহরণের মূল নায়ক লোকমান হাকিমকে (২৪) গ্রেফতার করা হয়েছে। গত ৫ই মার্চ ভোরে উক্ত গ্রামের আক্তারউদ্দিনের কন্যা রুমা আক্তারকে ঘর থেকে লোকমান হাকিমের নেতৃত্বে অপহরণ করা হয়। ইতিপূর্বে এই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে তিনজনকে গ্রেফতার করা হয়।